

ওপেন স্কুল পরিচালিত এসএসসি প্রোগ্রামের ভর্তি পরীক্ষা-২০২৬

নিয়মাবলী

২

১. যেসব আত্মহী ভর্তিচ্ছু আবেদনকারীর জেএসসি/জেডিসি/অষ্টম শ্রেণি/সমমানের সনদ নেই (Not Enrolled) কেবল তারাই বাউবি'র ওপেন স্কুল কর্তৃক নির্ধারিত যোগ্যতা যাচাইয়ের জন্য ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করবেন।
২. ভর্তি পরীক্ষা কেন্দ্র: বাউবি'র বিভিন্ন আঞ্চলিক কেন্দ্রভিত্তিক/প্রযোজ্য ক্ষেত্রে উপ-আঞ্চলিক কেন্দ্রভিত্তিক ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।
৩. পরীক্ষার মাধ্যম: লিখিত পরীক্ষার মাধ্যমে ভর্তি পরীক্ষা গ্রহণ করা হবে।
৪. পরীক্ষার সময়: লিখিত পরীক্ষার সময় হবে ২ ঘণ্টা।
৫. পরীক্ষার প্রবেশপত্র: ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য পরীক্ষার্থীগণ OSAPS-এর পেমেন্ট স্লিপ এবং ছবি সম্বলিত প্রাথমিক আবেদন ফরমের প্রিন্ট কপি ব্যবহার করবেন- যা ভর্তি পরীক্ষার প্রবেশপত্র হিসেবে বিবেচিত হবে। ছবি সম্বলিত প্রাথমিক আবেদন ফরমে উল্লিখিত Applicant ID উত্তরপত্রের নির্দিষ্ট স্থানে ইংরেজিতে লিখতে হবে।
৬. পরীক্ষা পরিচালনা: প্রধান শিক্ষক বা সমন্বয়কারী পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করবেন। আঞ্চলিক কেন্দ্রের ১ (এক) জন কর্মকর্তা, ১ (এক) জন কর্মচারী এবং ১ (এক) জন অফিস সহায়ক পরীক্ষা কেন্দ্রে উপস্থিত থেকে সার্বিক সহায়তা প্রদান করবেন। উপ-আঞ্চলিক কেন্দ্রের আওতাধীন পরীক্ষা কেন্দ্রের ক্ষেত্রে ১ (এক) জন কর্মকর্তা, ১ (এক) জন কর্মচারী এবং ১ (এক) জন অফিস সহায়কের নাম আঞ্চলিক পরিচালক মনোনয়ন করে দিবেন। প্রতি ২৫ (পঁচিশ) জন শিক্ষার্থীর জন্য ০১ (এক) জন কক্ষ পরিদর্শক নিয়োগ দিতে হবে। প্রতি ০১ (এক) জন পরীক্ষার্থীর জন্য ৬০/- (ষাট) টাকা হারে কেন্দ্র ফি প্রদান করা হবে। উপস্থিতিপত্র অনলাইনে সরবরাহ করা হবে। আসন বিন্যাস ও পরীক্ষার্থীদের উপস্থিতির স্বাক্ষর গ্রহণের জন্য হার্ড কপি প্রিন্ট করে নিতে হবে। প্রতিটি স্টাডি সেন্টারের শিক্ষার্থীদের আসন বিন্যাস অবশ্যই একসাথে রাখতে হবে। প্রতিটি স্টাডি সেন্টারের শিক্ষার্থীদের উত্তরপত্র অবশ্যই একসাথে রাখতে হবে। পরীক্ষা শেষ হওয়ার পর উত্তরপত্রগুলো স্টাডি সেন্টার অনুযায়ী আলাদাভাবে চিহ্নিতকরণ করে [সুতা দিয়ে পেঁচিয়ে (Tangled)], সবগুলো স্টাডি সেন্টারের উত্তরপত্র একটি মাস্টার প্যাকেটে (মূল খামে) করে বাউবি'র পরিদর্শকের মাধ্যমে পরীক্ষা কমিটির সভাপতির নিকট জমা দিতে হবে। উত্তরপত্রের সংখ্যা বেশি হলে মাস্টার প্যাকেট (মূল খাম) একাধিক করা যাবে। নিম্নোক্ত নমুনা মোতাবেক একটি টপশিট মূল খামের উপরে আঠা দিয়ে লাগাতে হবে এবং আরেকটি টপশিট মূল খামের ভেতরে দিয়ে দিতে হবে।

নমুনা

এসএসসি প্রোগ্রামের ভর্তি পরীক্ষা-২০২৬

টপশিট

পরীক্ষা কেন্দ্রের নাম: -----

ক্রম.	স্টাডি সেন্টারের নাম	উপস্থিত শিক্ষার্থীর সংখ্যা	মন্তব্য
১			
২			
৩			
৪			
৫			
মোট			-

এছাড়াও অব্যবহৃত প্রশ্নপত্র, কেন্দ্র ফি-এর রিসিভড কপি এবং কর্মকর্তা, কর্মচারী ও অফিস সহায়কের পারিতোষিক রিসিভড সংক্রান্ত কাগজপত্র, আয়কর জমাদানের প্রমাণক ইত্যাদি বাউবি'র পরিদর্শকের মাধ্যমে পরীক্ষা কমিটির সভাপতির নিকট জমা দিতে হবে। [অপর পৃষ্ঠায় দেখুন]

৭. পরীক্ষার সিলেবাস: জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (NCTB) কর্তৃক প্রণীত অষ্টম শ্রেণির বাংলা, ইংরেজি, গণিত, সাধারণ বিজ্ঞান এবং বাংলাদেশ ও বিশ্বপরিচয় বিষয়সমূহ থেকে নিম্নবর্ণিত মানবন্টন অনুযায়ী ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।

ভর্তি পরীক্ষার বিষয় ও মানবন্টন

ক্রম	বিষয়	নম্বর	
১.	বাংলা	২৫	
২.	ইংরেজি	২৫	
৩.	গণিত	২০	
৪.	সাধারণ জ্ঞান	সাধারণ বিজ্ঞান	১৫
		বাংলাদেশ ও বিশ্ব পরিচয়	১৫
মোট =		১০০	

৮. পাশ নম্বর: ভর্তি পরীক্ষার পাশ নম্বর হবে ৩৩ (তেত্রিশ)। উত্তীর্ণ শিক্ষার্থীরা বাউবি'র এসএসসি প্রোগ্রামে ভর্তির যোগ্য বলে বিবেচিত হবেন।
৯. পরীক্ষায় অপরাধ বা অসদুপায়ের শাস্তি: কোনো শিক্ষার্থী ভর্তি পরীক্ষায় অসদুপায় অবলম্বন বা অন্য কোনো অপরাধ করলে ভর্তির আবেদন বাতিল বলে গণ্য হবে।
১০. পরীক্ষার ফলাফল প্রকাশ: ভর্তি পরীক্ষার উত্তরপত্র মূল্যায়নের পর দ্রুত ফলাফল প্রকাশ করা হবে। পরীক্ষার ফলাফল বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট, আঞ্চলিক ও উপ-আঞ্চলিক কেন্দ্র এবং স্টাডি সেন্টার থেকে জানা যাবে। এছাড়া পরীক্ষায় উত্তীর্ণদের মোবাইল ফোনে এসএমএস এর মাধ্যমেও ফলাফল জানানো হবে।
১১. ভর্তি: ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশের পর উত্তীর্ণ শিক্ষার্থীগণ প্রাথমিক আবেদন পরবর্তী ধাপসমূহ OSAPS- এর মাধ্যমে সম্পন্ন করে চূড়ান্তভাবে ভর্তি হতে হবে।
১২. ভর্তি ফি (কোর্সসহ অন্যান্য ফি): OSAPS- এ অনলাইন আবেদন ফরমের পরবর্তী প্রক্রিয়া শেষ করে নির্ধারিত মাধ্যমে ভর্তি ফি (কোর্সসহ অন্যান্য ফি) প্রদান করতে হবে। অতঃপর অনলাইন আবেদন ফরমের প্রিন্টকপিসহ প্রয়োজনীয় কাগজপত্র সংশ্লিষ্ট স্টাডি সেন্টারে নির্ধারিত সময়ের মধ্যে জমা প্রদান করতে হবে।
১৩. বিভাগ নির্বাচন: আবেদনকারীগণ যেই বিভাগে (মানবিক, বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা) ভর্তি হতে অগ্রহী বলে প্রাথমিক আবেদনের সময় ঘোষণা করছেন, তাকে সেই বিভাগেই ভর্তি হতে হবে।



ড. মোহাম্মদ জাফর আহাম্মদ  
অধ্যাপক (হিসাববিজ্ঞান)

30.03.2026

ও

সভাপতি, ভর্তি কমিটি, এসএসসি প্রোগ্রাম, শিক্ষাবর্ষ: ২০২৬-২০২৭

ওপেন স্কুল, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৫।

মোবাইল: ০১৭১২২৮৩৪২১ ইমেইল: [jafaur@bou.ac.bd](mailto:jafaur@bou.ac.bd)

[jafaur2321@gmail.com](mailto:jafaur2321@gmail.com)